
# পাঠ 10



## একটি শিক্ষাকেন্দ্রিক বিষয়

*সৃষ্টিকর্তা ঈশ্বর এখানে আমার জন্য আছেন যেন আমি ঈশ্বরের সন্তান হই!*

সৃষ্টিকর্তা ঈশ্বর এখানে আমার জন্য আছেন যেন আমি ঈশ্বরের সন্তান হই!

## বাইবেলের গল্প

*এমন গল্প ব্যবহার করুন যা শেখায়, সৃষ্টিকর্তা ঈশ্বর এখানে আমার জন্য আছেন যেন আমি ঈশ্বরের সন্তান হই! !*

**সুখবরের কাহিনীপুস্তক পাঁচ | পৃষ্ঠা 2-19 |** *সৃষ্টিকর্তা ঈশ্বর এখানে আছেন!*

**শিক্ষণের জন্য:** আঁকার জন্য ব্ল্যাকবোর্ড ও খড়ি, অথবা ধুলো ও কাঠি, অথবা কাগজ ও পেনসিল | আঁকবার জন্য ছেলেমেয়েদের চাই ড্রয়িং প্যাড অথবা কাগজ, পেনসিল এবং মুছে ফেলবার জন্য রবার |

গল্পটি এঁকে বলুন |

পৃষ্ঠা 8 থেকে 15 পর্যন্ত যে গল্পটি আছে তা ছেলেমেয়েদের কাছে পড়ে শোনান এবং পড়তে পড়তে সুখবরের কাহিনী পুস্তক দুই এ যে সব আঁকাগুলি দেওয়া আছে তা দেখান |

1, 2, 3 গল্প শুরু করুন...

সৃষ্টিকর্তা ঈশ্বর এখানে আছেন! আমি সৃষ্টিকর্তা ঈশ্বরকে বলতে শুনতে পাচ্ছি, 'আমি চিরকাল ও সর্বদা তোমাকে উদ্ধার করব |' আমি এক যুবতিকে দেখতে পাচ্ছি | তার নাম মরিয়ম |

আমি শুনতে পাচ্ছি সৃষ্টিকর্তা ঈশ্বরের এক ভালো আত্মা মরিয়মকে বলছে, 'তুমি এক পুত্র সন্তানের জন্ম দেবে | তাঁর নাম হবে যীশু | যীশু সৃষ্টিকর্তা ঈশ্বরের আত্মা থেকে | যীশু তোমাকে চিরকাল এবং সর্বদা উদ্ধার করবেন |'

আমি এক যুবককে দেখতে পাচ্ছি | তাঁর নাম যোষেফ | যোষেফের পূর্বপুরুষরা হচ্ছেন রাজা দাউদের কুল থেকে | রাজা দাউদ হচ্ছেন অব্রাহামের কুল থেকে |


আমি শুনতে পাচ্ছি সৃষ্টিকর্তা ঈশ্বর এক ভালো আত্মাকে বলছেন, 'যাও এবং যোষেফকে বলো যে মরিয়ম তাঁর স্ত্রী হবে | মরিয়মের এক পুত্র হবে | তাঁর নাম হবে যীশু | যীশু সৃষ্টিকর্তা ঈশ্বরের আত্মা থেকে | যীশু তোমাকে চিরকাল এবং সর্বদা উদ্ধার করবেন |'

সৃষ্টিকর্তা ঈশ্বর আসছেন...

সময় কেটে গেল | আমি দেখতে পাচ্ছি সৃষ্টিকর্তা ঈশ্বর রাতের আকাশে এক নতুন তারা সৃষ্টি করছেন | **নতুন তারা চক্‌মক্... চক্‌মক্... চক্‌মক্ করছে |**

# পাঠ 10








আমি দেখতে পাচ্ছি জ্ঞানী লোকেরা রাতের আকাশের দিকে তাকাচ্ছেন... তাকাচ্ছেন... তাকাচ্ছেন।

নতুন তারা সঠিক দিক দেখাচ্ছে... সঠিক দিক দেখাচ্ছে... সঠিক দিক দেখাচ্ছে।



আমি দেখতে পাচ্ছি জ্ঞানী লোকেরা নতুন তারাকে অনুসরণ করে একটি ছোট্ট নগর... একটি ছোট্ট পথ ধরে... একটি ছোট্ট ছাউনির দিকে যাচ্ছেন।

আমি যোষেফ, তাঁর স্ত্রী মরিয়ম এবং এক ছোট্ট শিশু যীশুকে দেখতে পাচ্ছি।



আমি সৃষ্টিকর্তা ঈশ্বরকে বলতে শুনতে পাচ্ছি, ‘এই ছোট্ট শিশু যীশু তোমাকে চিরকাল ও সর্বদা উদ্ধার করবেন।’

আমি দেখতে পাচ্ছি জ্ঞানী লোকেরা ছোট্ট শিশু যীশুর উদ্দ্যেশে গান গাইছেন।

সৃষ্টিকর্তা ঈশ্বর এক ছোট্ট শিশু হয়ে এসেছেন তোমাকে চিরকাল ও সর্বদা উদ্ধার করতে। সৃষ্টিকর্তা ঈশ্বর এখানে!



সেই রাতেই...

আমি রাখালদের দেখতে পাচ্ছি। আমি মেষদের দেখতে পাচ্ছি। আমি শুনতে পাচ্ছি সৃষ্টিকর্তা ঈশ্বর এক ভালো আত্মাকে বলছেন, ‘যাও এবং রাখালদের বলো, ভয় পেয়ো না, আমি সুখবর দিচ্ছি।

যীশু তোমাদের চিরকাল ও সর্বদা উদ্ধার করতে এখানে এসেছেন।’

আমি এক বড়ো, বড়ো, বড়ো উজ্জ্বল আলো দেখতে পাচ্ছি। আমি দেখতে পাচ্ছি ঐ বড়ো, বড়ো, বড়ো উজ্জ্বল আলোই হল এক ভালো আত্মা।



আমি শুনতে পাচ্ছি ভালো আত্মা রাখালদের বলছে

‘ভয় পেয়ো না, আমি সুখবর দিচ্ছি।’ যীশু তোমাদের চিরকাল ও সর্বদা উদ্ধার করতে এখানে এসেছেন।’



আমি দেখতে পাচ্ছি এক... দুই... তিন... চার... পাঁচ... ছয়... সাত...

অনেক, অনেক, অনেক ভালো আত্মা সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দ্যেশে গান গাইছে।

আমি শুনতে পাচ্ছি অনেক, অনেক, অনেক ভালো আত্মা বলছে,

‘সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দ্যেশে গান গাও। যারা যীশুর উদ্দ্যেশে গান গায় তাদের সকলের শান্তি হোক্।’

# পাঠ 10

আমি দেখতে পাচ্ছি অনেক, অনেক ভালো আত্মা আকাশে চলে যাচ্ছে... যাচ্ছে... যাচ্ছে। আমি দেখতে পাচ্ছি রাখালরা যীশুর উদ্দ্যেশে গান গাইছে।



সৃষ্টিকর্তা ঈশ্বর এক ছোট্ট শিশু হয়ে এসেছেন, তোমাকে চিরকাল ও সর্বদা উদ্ধার করতে।

সৃষ্টিকর্তা ঈশ্বর এখানে!

**ছেলেমেয়েদের বলুন গল্পটি এঁকে দেখাতে।**




## এ্যাকশন গীত

***এমন এ্যাকশন গীত ব্যবহার করুন যা শেখায়, সৃষ্টিকর্তা ঈশ্বর এখানে আমার জন্য আছেন যাতে আমি ঈশ্বরের সন্তান হতে পারি!***

শিশু যীশু, শিশু যীশু
জন্মিল মোদের কাছে, এলো মোদের ঘরে।
এসো মোরা পূজা করি তাঁর,
এসো মোরা পূজা করি তাঁর,
আনন্দভরে, আনন্দভরে।

শিশু যীশু, শিশু যীশু
জন্মিল মোদের কাছে, এলো মোদের ঘরে।
এসেছিলে মোদের উদ্ধার করতে
এসেছিলে মোদের উদ্ধার করতে।
আমেন, আমেন।

শিশু যীশু, শিশু যীশু
ভালোবাসি তোমায় মোরা, ভালোবাসি তোমায়
যাবো মোরা স্বর্গে
যাবো মোরা স্বর্গে
তোমায় ধন্যবাদ, তোমায় ধন্যবাদ




## বিষয়কেন্দ্রিক পাঠ

***এমন বিষয়কেন্দ্রিক পাঠ ব্যবহার করুন যা শেখায়, সৃষ্টিকর্তা ঈশ্বর এখানে আমার জন্য আছেন যেন আমি ঈশ্বরের সন্তান হই!***

**শিক্ষণের জন্য উপকরণ:** একটি বাক্স এবং আয়না। পাঠ শুরু করবার আগে আয়নাটি বাক্সের মধ্যে রাখুন।

ছেলেমেয়েদের বলুন যে আপনার কাছে এই বাক্সের মধ্যে সৃষ্টিকর্তা ঈশ্বরের একজন বিশেষ সন্তানের ছবি আছে। প্রত্যেক ছেলেমেয়েকে এক এক করে এসে বাক্সের ভেতর দেখে কোন কথা না বলে নিজের জায়গায় ফিরে গিয়ে বসতে বলুন। যতক্ষণ না সকলের দেখা হয় ততক্ষণ কেউ কোন কিছু বলবে না।



সকলের বাক্সের ভেতর দেখা হয়ে গেলে নিম্নলিখিত প্রশ্নগুলি করুন।

**বাক্সের ভেতর তুমি কাকে দেখেছ? তুমি কি মনে করেছিলে তুমিই সেই জন? তুমি কি জানো যে তুমি সৃষ্টিকর্তা ঈশ্বরের সন্তান এবং তাঁর কাছে বিশেষ একজন?**

ছেলেমেয়েদের বুঝিয়ে বলুন যীশু কি করে সৃষ্টিকর্তা ঈশ্বরের আত্মা থেকে উদ্ভূত। যীশুই হচ্ছেন সৃষ্টিকর্তা ঈশ্বর যিনি একটি ছোট শিশুরূপে এসেছিলেন তোমাদের চিরকালের জন্য এবং চিরদিনের জন্য উদ্ধার করতে। আমরা যখন যীশুকে বিশ্বাস করি তখন আমরা সৃষ্টিকর্তা ঈশ্বরের সন্তান হই।

# পাঠ 10

## বাইবেলের মুখস্থ পদের খেলা

*এমন বাইবেল পদ ব্যবহার করুন যা শেখায়, সৃষ্টিকর্তা ঈশ্বর এখানে আমার জন্য আছেন যাতে আমি ঈশ্বরের সন্তান হয়ে উঠতে পারি!*

বুঝিয়ে বলুন যে সৃষ্টিকর্তা ঈশ্বরের আর এক নাম *প্রভু।*

1 যোহন 5:1 *'যারা বিশ্বাস করে যে যীশুই খ্রীষ্ট, তারা ঈশ্বরের সন্তান।'*

**শিক্ষণের জন্য সহায়ক উপকরণ:** লেখবার জন্য ব্ল্যাকবোর্ড ও খড়ি, অথবা ধুলো আর কাঠি অথবা কাগজ আর পেনসিল।

লিখতে লিখতে বাইবেলের মুখস্থ পদটি বলুন আর ছেলেমেয়েদের বলুন আপনি লিখতে লিখতে যখন বলছেন ওরা যেন তার পুনরাবৃত্তি করে। যদি ছেলেমেয়েরা পড়তে না শিখে থাকে তাহলে বাইবেলের মুখস্থ পদটি লেখবার দরকার নেই।

বাইবেলের মুখস্থ পদের কথাগুলি বলুন। এবার যেমন-তেমন করে যে কোন তিনটি শব্দ মুছে ফেলুন।

মুছে দেওয়া শব্দগুলিকে ভরে দেবার জন্য এবার ছেলেরা একটি ছেলেকে বেছে নেবে যাতে তারা বাইবেলের মুখস্থ পদটি বলতে পারে। তিনটি ভিন্ন ভিন্ন শব্দ মুছে দিন।

মুছে দেওয়া শব্দগুলি ভরে দেবার জন্য এবার মেয়েরা একটি মেয়েকে বেছে নেবে যাতে তারা সবাই বাইবেলের মুখস্থ পদটি বলতে পারে।

আর একবার প্রত্যেকে বাইবেলের মুখস্থ পদটি বলবে।

## ব্যবহারিক প্রয়োগ

*এমন ব্যবহারিক প্রয়োগ করুন যা শেখায়, সৃষ্টিকর্তা ঈশ্বর এখানে আছেন আমার জন্য যাতে আমি ঈশ্বরের সন্তান হয়ে উঠতে পারি!*

সৃষ্টিকর্তা ঈশ্বর এখানে আমার জন্য আছেন যেন আমি ঈশ্বরের সন্তান হই!

**সাক্ষ্য প্রদান:** ঈশ্বরের সন্তান হয়ে ওঠার পর আপনার জীবন কিভাবে বদলে গেছে সেকথা সকলের কাছে বলুন।

**প্রার্থনা:** সৃষ্টিকর্তা ঈশ্বর তোমাকে ধন্যবাদ যে তুমি ছোট শিশু হয়ে এসেছিলে আমাকে চিরকালের মত এবং চিরদিনের মত উদ্ধার করতে। তোমাকে ধন্যবাদ যে আমি যখন তোমাতে বিশ্বাস করি তখন আমি সৃষ্টিকর্তা ঈশ্বরের সন্তান হই।

# পাঠ 11



## একটি শিক্ষাকেন্দ্রিক বিষয়

*যীশু এই জগতের আলো*

যীশু এই জগতের আলো

## বাইবেলের গল্প

*এমন গল্প ব্যবহার করুন যা শেখায়, যে যীশু এই জগতের আলো*

**সুখবরের কাহিনীপুস্তক পাঁচ | পৃষ্ঠা 20-29 |** *আমি দেখতে পাই |*

ছেলেমেয়েদের নিয়ে এই গল্পটির ওপর একটি নাটক অভিনয় করুন | ছেলেমেয়েদের সবাইকে বুঝিয়ে বলুন যে আমরা সবাই 'আমি দেখতে পাই' নাটকটি অভিনয় করতে চলেছি |

**অভিনেতারা:** গল্প কথক এবং নাটকের পরিচালক (আপনি শিক্ষক), যীশু (একটি ছেলে), অন্ধ লোকটি (একটি ছেলে), একজন আধ্যাত্মিক গুরু (নেতা) (একটি ছেলে), যীশুর অনুগামী (তিনটি ছেলেমেয়ে) এবং অনেক লোক (যে সমস্ত ছেলেমেয়েরা ইতিমধ্যে নাটকে অংশ নেয়নি) |

সুখবরের কাহিনী পুস্তক পাঁচ থেকে গল্পটি পড়ুন ও বলুন | পৃষ্ঠা 20-29 | গল্পটি পড়ে বলতে বলতে ছেলেমেয়েদের পরিচালনা করুন যাতে তারা নাটকে তাদের অংশের অভিনয় করে | যদি ছেলেমেয়েরা যারা অভিনয় করবে তারা পড়তে সক্ষম হয় তাহলে তাদের প্রত্যেককে সুখবরের কাহিনীপুস্তক পাঁচএর একটি করে অনুলিপি দিন যাতে তারা গল্পটি বুঝতে পারে এবং নিজেদের অভিনয়ের সংলাপ পড়তে পারে |

উদাহরণ: পৃষ্ঠা 20-21 | ছেলেমেয়েদের বলুন তারা যেন ভান করে যে তারা একটা বাজারে আছে | যেসব ছেলেমেয়েরা 'অনেক লোকের' ভুমিকায় রয়েছে তারা যেন কি কিনবে সেটা দেখবার জন্য বাজারের চতুর্দিকে ঘুরে বেড়ায় | যে ছেলেটি একটি অন্ধ লোকের ভূমিকায় রয়েছে তাকে বলুন সে যেন পয়সার জন্য হাত পেতে মাঝখানে এসে বসে |

গল্পটি পড়ে পড়ে বলুন | যখন আপনি পড়বেন, 'আমি শুনতে পাচ্ছি যীশুর অনুগামীরা বলছে, 'এই লোকটি কি কোন মন্দ কাজ করেছে যার জন্য সে অন্ধ হয়ে জন্মেছে?' এইবার যেসব ছেলেমেয়েরা যীশুর অনুগামীর ভুমিকায় রয়েছে তাদের দিকে নির্দেশ করুন | তাদের বলতে বলুন, (অথবা তারা যদি পড়তে পারে তাহলে তাদের পড়ে বলতে বলুন), 'এই লোকটি কি কোন মন্দ কাজ করেছে যার জন্য সে জন্মান্ধ?' তারা যীশুর অনুগমন করে এবং অন্ধ লোকটিকে ছাড়িয়ে হেঁটে যায় |

1, 2, 3 নাটক শুরু করুন...

# পাঠ 11

## এ্যাকশন গীত



*এমন এ্যাকশন গীত ব্যবহার করুন যা শেখায়, যীশু জগতের আলো*

প্রভুর আলোক-পথে আমি চলেছি (3)
চলেছি আলোক-পথে প্রভুর
চলি, চলি, চলি, প্রভুর আলোক-পথে চলি (3)
চলেছি আলোক-পথে প্রভুর।

## বিষয়কেন্দ্রিক পাঠ

*এমন বিষয়কেন্দ্রিক পাঠ ব্যবহার করুন যা শেখায়, যীশু জগতের আলো*

স্বাভাবিক আলো সৃষ্টি করে সৃষ্টিকর্তা ঈশ্বর আমাদের দেখান আলো অন্ধকারের চেয়ে কি করে বেশী শক্তিশালী হয়। আলো অন্ধকারকে ঠেলে দূরে সরিয়ে দেয়।

**ব্যবহারিক প্রদর্শন:** আপনি যেখানে শিক্ষা দেবেন সে জায়গাটিকে অন্ধকার করে দিন। একটা মোমবাতি জ্বালান, বা একটি মশাল জ্বালান অথবা বৈদ্যুতিক আলো জ্বালিয়ে দেখান কি করে আলো অন্ধকারকে ঠেলে দূরে সরিয়ে দেয়। তারপর ছেলেমেয়েদের বলুন যীশু হলেন ঠিক স্বাভাবিক আলোর মত। যীশু হলেন সেই আধ্যাত্মিক আলো যা সমস্ত মন্দ আত্মা ও মন্দ জিনিষের আধ্যাত্মিক অন্ধকারকে ঠেলে পেছনে সরিয়ে দেয় মনে রাখবেন আলো অন্ধকারের চেয়ে বেশী শক্তিশালী। অন্ধকারকে ঠেলে পেছনে সরিয়ে দেবার ক্ষমতা শুধুমাত্র যীশুরই আছে। যীশু তোমাকে ও আমাকে চিরকালের মত ও চিরদিনের মত রক্ষা করতে এসেছেন।

যীশু এই জগতের আলো

## বাইবেলের মুখস্থ পদের খেলা

এমন বাইবেল পদ ব্যবহার করুন যা শেখায়, যীশু জগতের আলো

**যোহন 8:12** *এরপর যীশু আবার লোকদের সাথে কথা বলতে শুরু করলেন এবং বললেন, "আমিই জগতের আলো। যে কেউ আমার অনুসারী হয় সে কখনও অন্ধকারে থাকবে না কিন্তু এমন আলো পাবে যা জীবন দেয়।"*

**চিত্রায়িত শব্দের খেলা: শিক্ষণের জন্য সহায়ক উপকরণ:** হলুদ বেলুন এবং স্থায়ী ব্ল্যাক মার্কার।

তিনটি ছেলেমেয়েকে আপনার সহায়ক হতে বলুন আর সামনে এসে দাঁড়াতে বলুন। তিনজনের প্রত্যেককে একটা করে বেলুন দিন, ফোলাতে বলুন আর মুখটা বেঁধে দিতে বলুন যাতে বেলুনের থেকে হাওয়া বেরিয়ে না যায়।

# পাঠ 11







তিনটি ছেলেমেয়েকে বলুন অন্য সব ছেলেমেয়েদের সামনে এসে একে অপরের পাশাপাশি দাঁড়াতে | ফোলানো বেলুনের একটা নিন আর তার ওপর আলো অন্ধকারকে ঠেলে পেছনে সরিয়ে দিচ্ছে এমন একটা ছবি আঁকুন | এই বেলুনটি যে ছেলে বা মেয়েটির কাছ থেকে নিয়েছেন তাকে ফেরৎ দিন এবং তাকে বলুন আঁকাটা ছেলেমেয়েদের দেখাতে | আর একটা ফোলানো বেলুন নিন আর তার ওপর একটা বড় ক্রুশ আঁকুন | বেলুনটা নির্দিষ্ট জনকে ফেরৎ দিন আর তাকে বলুন আঁকাটা ছেলেমেয়েদের দেখাতে | পরের ফেলানো বেলুনটা নিন আর তার ওপর পৃথিবীর ছবি আঁকুন | এবার বেলুনটা যার কাছ থেকে নেওয়া তাকে ফেরৎ দিন আর তাকে বলুন আঁকাটা সমস্ত ছেলেমেয়েদের দেখাতে |

ছেলেমেয়েদের বলুন প্রতিটি ছবির শব্দগুলি এক এক করে অনুমান করতে | কিছু সময় পরে যদি তারা অনুমান করতে না পারে তাহলে তাদের যাতে অনুমান করতে সুবিধে হয় ওদের কিছু সূত্র দিন | ‘আলো,’ ‘যীশু,’ এবং ‘জগৎ’ এই শব্দগুলি অনুমিত হয়ে যাবার পর চতুর্থ সাহায্যকারীকে এই তিনটি শব্দকে ঠিক ঠিক অনুক্রমে সাজাতে বলুন | প্রথমে ‘যীশু,’ তারপর ‘আলো,’ এবং সবশেষে ‘জগৎ’ এই অনুক্রমে |

ব্যাখ্যা করে বলুন যে বাইবেলের মুখস্থ পদের অর্থ হচ্ছে: ‘যীশু জগতের আলো |’প্রত্যেকটি ছেলেমেয়েকে ফোলাবার জন্য আর বাঁধবার জন্য একটা করে হলুদ বেলুন দিন আর তারপর ছেলেমেয়েদের বলুন তাদের বেলুনের ওপর একটা ক্রুশ, আলো অন্ধকারকে ঠেলে পেছনে সরিয়ে দিচ্ছে এবং পৃথিবীর ছবি আঁকতে | যারা লিখতে পারে তারা যেন বেলুনের ওপর নিজের নাম লেখে | এবার ছেলেমেয়েদের বাইবেলের মুখস্থ পদটি বলুন |

## ব্যবহারিক প্রয়োগ

*এমন ব্যবহারিক প্রয়োগ করুন যা শেখায়, যীশুই জগতের আলো*


যীশু এই জগতের আলো

যখন আমরা ভয় পাই, অথবা মন্দ কথা চিন্তা করি বা বলি বা মন্দ কাজ করি, অথবা আমরা যখন অসুস্থ, তখন আমরা বলতে পারি তোমাকে ধন্যবাদ যীশু যে তুমি আমায় ভালবাসো এবং আমাকে এই সমস্ত মন্দ জিনিষের থেকে রক্ষা করেছ |

যীশু জগতের আলো এবং যীশু অন্ধকারের চেয়ে বেশী শক্তিশালী | অন্ধকারকে পেছনে ঠেলে সরিয়ে দেবার ক্ষমতা শুধুমাত্র যীশুরই আছে |

**প্রার্থনা:** আমাকে সবসময় ভালবাসার জন্য সৃষ্টিকর্তা ঈশ্বর তোমাকে ধন্যবাদ | ধন্যবাদ তোমাকে যীশু যে তুমি জগতের আলো | ধন্যবাদ তোমাকে যে তুমি অন্ধকারকে ঠেলে পেছনে সরিয়ে দিতে এসেছ | ধন্যবাদ যীশু যে আমরা তোমার নামে প্রার্থনা করি | আমেন |

# পাঠ 12





## একটি শিক্ষাকেন্দ্রিক বিষয়

*যীশু ক্ষমা করেন এবং শান্তি দেন*

যীশু ক্ষমা করেন
এবং শান্তি দেন

## বাইবেলের গল্প


*এমন গল্প ব্যবহার করুন যা শেখায়, যীশু ক্ষমা করেন এবং শান্তি দেন*

**সুখবরের কাহিনীপুস্তক পাঁচ | পৃষ্ঠা 30-36 |** *শান্তিদাতা |*

**শিক্ষণের জন্য সহায়ক উপকরণ:** আঁকবার জন্য ব্ল্যাকবোর্ড ও খড়ি, অথবা ধুলো ও কাঠি অথবা কাগজ ও পেনসিল |

গল্পটি আঁকতে আঁকতে বলুন | প্রতি পৃষ্ঠা পড়বার পর ছেলেমেয়েদের একটি প্রশ্ন করুন |

1, 2, 3 গল্প শুরু করুন...




আর এক দিন, আর এক সময়, আর এক জায়গায় |

আমি একজন পুরুষকে দেখতে পাচ্ছি | ওঁর নাম শিমোন | আমি শুনতে পাচ্ছি শিমোন যীশুকে বলছেন, ‘দয়া করে আমার বাড়ীতে আসুন |’ আমি দেখতে পাচ্ছি শিমোন ও যীশু শিমোনের বাড়ীর ভিতরে ঢুকছেন |



আমি শিমোনের বাড়ীর ভিতরে এক মহিলাকেও দেখতে পাচ্ছি | ঐ মহিলা অনেক মন্দ কাজ করেছে | আমি দেখতে পাচ্ছি এই মহিলা যীশুর পায়ের ওপর পড়ছে |

আমি দেখতে পাচ্ছি ঐ মহিলা কাঁদছে | তার চোখের জল যীশুর পায়ের ওপর পড়ছে |



আমি দেখতে পাচ্ছি এই মহিলা তার চুল দিয়ে যীশুর পায়ের পাতা মুছিয়ে দিচ্ছে |


আমি শুনতে পাচ্ছি যীশু এই মহিলাকে বলছেন, ‘তুমি যতসব মন্দ কাজ করেছ, আমি সেই সকলের জন্য তোমায় ক্ষমা করছি | শান্তিতে যাও |’

কেবলমাত্র যীশুই শান্তি দেন | অন্ধকার দূর করতে কেবলমাত্র যীশুরই ক্ষমতা আছে |

সৃষ্টিকর্তা ঈশ্বর এখানে!

# পাঠ 12

## এ্যাকশন গীত



*এমন এ্যাকশন গীত ব্যবহার করুন যা শেখায়, যীশু ক্ষমা করেন এবং তিনি শান্তিদাতা*

রাজাদের রাজা, প্রভুদের প্রভুর মহিমা,
হাল্লেলূইয়া !

যীশু শান্তির রাজার মহিমা,
হাল্লেলূইয়া !

## বিষয়কেন্দ্রিক পাঠ

*এমন বিষয়কেন্দ্রিক পাঠ ব্যবহার করুন যা শেখায়, যীশু ক্ষমা করেন এবং তিনি শান্তিদাতা*

**শিক্ষণের জন্য সহায়ক উপকরণ:** 3টি পাথর যা একটি ছেলে বা মেয়ের পক্ষে বহন করবার জন্য খুব ভারী নয়।

দুজন ছেলেকে আপনার সহায়ক হতে বলুন। ওদের বুঝিয়ে বলুন যে একজন ছেলেকে ভান করতে হবে যে সে যীশু (সেই ছেলেটির দিকে নির্দেশ করুন) এবং অন্য ছেলেটি (সেই ছেলেটির দিকে নির্দেশ করুন) ভান করবে যে সে যীশুকে জানে না এবং যীশুর দিকে সে তাকাবে না বা তাঁর উপাসনা করবে না।

যে ছেলেটি যীশুকে না জানার অভিনয় করছে তাকে বোঝান যে সে একটা মন্দ চিন্তা করছে। সেই ছেলেটিকে একটি পাথর বহন করতে দিন। তাকে বলুন যে এই পাথরটা হচ্ছে সেই লোকের মত যে যীশুকে জানে না এবং যে একটা মন্দ চিন্তা করছে।

আরো বোঝান যে, যে যীশুকে জানে না সে একটা মন্দ কাজ করছে। যে ছেলেটি যীশুকে না জানার অভিনয় করছে তাকে আর একটা পাথর বহন করতে দিন। তাকে বলুন যে এই পাথরটা হচ্ছে তার মত যে যীশুকে জানে না এবং একটা মন্দ কাজ করছে।

যীশু ক্ষমা করেন এবং শান্তি দেন

এবার, যে ছেলেটি যীশুকে না জানার ভান করছে তাকে বোঝান যে সে একটা মন্দ কথা বলছে। এই ছেলেটিকে আর একটি পাথর বহন করতে দিন এবং তাকে বলুন যে এই পাথরটা হচ্ছে সেই লোকের মত যে যীশুকে জানে না এবং একটা মন্দ কথা বলছে।

এবার, যে ছেলেটি যীশুকে না জানার ভান করছে এবং তিনটে পাথর বহন করছে তাকে বলুন যীশুর দিকে তাকাতে। যে ছেলেটি যীশুর ভূমিকার ভান করছে তাকে বলুন, যে ছেলেটা যীশুকে না জানার ভান করছে তার কাছ থেকে পাথরগুলো নিয়ে নিতে।

কেবলমাত্র যীশুই শান্তি দেন। কেবলমাত্র যীশুরই ক্ষমতা আছে অন্ধকারকে ঠেলে পেছনে সরিয়ে দেবার।

# পাঠ 12

## বাইবেলের মুখস্থ পদের খেলা

*এমন বাইবেল পদ ব্যবহার করুন যা শেখায়, যীশু ক্ষমা করেন এবং তিনি শান্তিদাতা*

লূক 7:50 *কিন্তু যীশু সেই স্ত্রী লোকটিকে বললেন, "তোমার বিশ্বাসই তোমায় মুক্ত করেছে, তোমার শান্তি হোক্।"*

বাইবেলের মুখস্থ পদটি গান/বলুন এবং ছেলেমেয়েদের আপনার (শিক্ষক) পরে পুনরাবৃত্তি করতে বলুন।

যতক্ষণ না ছেলেমেয়েরা বাইবেলের মুখস্থ পদটি মনে রাখতে পারছে ততক্ষণ পুনরাবৃত্তি করে যান।

তারপর বাইবেলের মুখস্ত পদের কথাগুলিতে ঢোলের একটি তালের ছন্দ বেঁধে দিন যাতে ছেলেমেয়েরা গাইতে পারে।

শিক্ষক: কিন্তু যীশু ছেলেমেয়েরা: কিন্তু যীশু
শিক্ষক: সেই স্ত্রী লোকটিকে বললেন, ছেলেমেয়েরা: সেই স্ত্রী লোকটিকে বললেন,
শিক্ষক: "তোমার বিশ্বাসই, ছেলেমেয়েরা: "তোমার বিশ্বাসই,
শিক্ষক: তোমায় মুক্ত করেছে, ছেলেমেয়েরা: তোমায় মুক্ত করেছে,
শিক্ষক: তোমার শান্তি হোক্।" ছেলেমেয়েরা: তোমার শান্তি হোক্।"
শিক্ষক: লূক 7:50। ছেলেমেয়েরা: লূক 7:50।

### ব্যবহারিক প্রয়োগ

*এমনভাবে ব্যবহারিক প্রয়োগ করুন যা শেখায়, যীশু ক্ষমা করেন এবং তিনি শান্তিদাতা*

যীশু ক্ষমা করেন এবং শান্তি দেন

কেবলমাত্র যীশু শান্তি দেন। অন্ধকারকে ঠেলে পেছনে সরিয়ে দেবার ক্ষমতা কেবল যীশুরই আছে।

যখন আমরা যীশুকে জেনেও মন্দ চিন্তা করি বা মন্দ কাজ করি অথবা মন্দ কথা বলি তখন যীশুকে ধন্যবাদ যে তিনি আমাদের সব গুরুভার তুলে নেন।

**প্রার্থনা:** যীশু তোমাকে ধন্যবাদ যে আমি যখন মন্দ চিন্তা করি বা মন্দ কাজ করি অথবা মন্দ কথা বলি ,তখন তুমি আমার গুরুভার নিয়ে নাও। যীশু তোমাকে ধন্যবাদ যে তুমি আমায় ক্ষমা কর। তোমাকে ধন্যবাদ যীশু যে তুমি আমাকে শান্তি দাও। ধন্যবাদ যীশু যে তুমি আমায় বাঁচবার জন্য নতুন পথ ও চিন্তা জুগিয়ে দাও। ধন্যবাদ যীশু যে তুমি আমায় চিরকালের জন্য ও চিরদিনের জন্য উদ্ধার করতে এসেছ। তোমার নামে আমরা প্রার্থনা করি। আমেন।

**পুরস্কার:** প্রত্যেকটি ছেলেমেয়েকে তার সুখবরের কাহিনীপুস্তক পাঁচ এর অনুলিপি দিন। প্রতিটি ছেলেমেয়েকে সুখবরের কাহিনীপুস্তক পাঁচ পড়তে সাহায্য করুন।